

২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা চলাকালীন যানবাহন চলাচলের নির্দেশনাবলি:

- ১। সকাল ৮:০০ টার পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের অভ্যন্তরে কোনো প্রকার ভারী যানবাহন প্রবেশ করবে না।
- ২। কাজলা ও বিনোদপুর গেট দিয়ে প্রবেশ করা ব্যক্তিগত গাড়ি এবং অন্যান্য যানবাহনসমূহ মেইন গেট দিয়ে বেরিয়ে যাবে। কৃষি ও চারুকলা অনুষদে যাওয়ার ক্ষেত্রে (মন্সুজান হল→বেগম খালেদা জিয়া হল→স্যার জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবন→তুত বাগান) সংলগ্ন রাস্তাটি চলাচলের জন্য উন্মুক্ত থাকবে।
- ৩। শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীরা সকল রাস্তা ব্যবহার করতে পারবে।
- ৪। সকাল ৮:০০ টার পর বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনগুলোর দিকে ব্যক্তিগত গাড়ি, মোটর- সাইকেল এবং অটোরিক্সাসহ কোনো প্রকার যানবাহন প্রবেশ করবে না। উল্লেখ্য যে, পরীক্ষা সংক্রান্ত কাজে ব্যবহৃত গাড়িসমূহ (উপাচার্য, উপ-উপাচার্যদ্বয়, ও প্রক্টর) এই নির্দেশনার আওতাভুক্ত থাকবে।
- ৫। ২৫-২৭ জুলাই শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের ব্যক্তিগত গাড়িসমূহ পার্কিং এর জন্য সাবাস বাংলাদেশ ও জুবেরী ভবনের মাঠ ব্যবহার করবেন।
- ৬। বিশ্ববিদ্যালয়ের পশ্চিম পাড়ায় বসবাসরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ ভর্তি পরীক্ষার দিনগুলোতে (২৫, ২৬ ও ২৭ জুলাই) তাদের আবাসিক এলাকায় প্রবেশের ক্ষেত্রে শুধুমাত্র কাজলা গেট ব্যবহার করতে পারবেন এবং আবাসিক এলাকা থেকে প্রস্থানের ক্ষেত্রে প্যারিস রোড হয়ে মেইন গেট এবং রোকেয়া হলের পেছনের রাস্তা (ফ্লাই-ওভার সংলগ্ন) ব্যবহার করতে পারবেন।

প্রফেসর ড. মো. আসাবুল হক

প্রক্টর

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী -৬২০৫।